16

তারিখ 10 JAN 1996
পৃষ্ঠা ৯ কলাম ৫

দৈনিক বাংলা

# আজ থেকে বুয়েটে ভর্তি পরীক্ষা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ শিক্ষা বর্ষের প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা আজ বুধবার থেকে শুরু হচ্ছে।

প্রকৌশল অনুষদের ৭টি বিভাগের ৫শ ৬২টি আসনের ভর্তি পরীক্ষায় এ বছর সর্বমোট ৩ হাজার ৫শ ৫৭ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করছে। অপরদিকে স্থাপত্য বিভাগের ৫৪টি আসনের বিপরীতে পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ২শ ৭২ জন।

প্রকৌশল-বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে প্রকৌশল অনুষদসমূহের বিভিন্ন বিভাগের ভর্তি পরীক্ষা আজ সকাল ৯টা হতে ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনে অনুষ্ঠিত হবে। এছাড়া আগামীকাল বৃহস্পতিবার সকাল ৯টা হতে দুপুর ১২টা পর্যন্ত স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।